# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৭৫

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ১১. অতিথি আপ্যায়ন সম্পর্কে

بَاب فِي الضِّيَافَةِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي الْجُودِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُهَاجِرِ عَنْ الْمِقْدَامِ بْنِ مَعْدِي كَرِبَ أَبِي كَرِيمَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّمَا مُسْلِمٍ ضَافَ قَوْمًا فَأَصْبَحَ الضَّيْفُ مَحْرُومًا فَإِنَّ عَلَى كُلِّ مُسْلِمٍ نَصْرَهُ حَتَّى يَأْخُذَ لَهُ بِقِرَى لَيْلَتِهِ مِنْ زَرْعِهِ وَمَالِهِ

বাংলা

২০৭৫. মিকদাম ইবনু মা’দীকারিব আবূ কারীমা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “যে ব্যক্তি কারো নিকট মেহমান হিসাবে যায় এবং সে সকাল পর্যন্ত মাহরুম থাকে, এমতাবস্থায় প্রত্যেক মুসলিমের উচিত তার সাহায্য করা। এমন কি সেই মেহমান, সে রাতের জন্য মেহমানীর হক সে কাওমের ফসল এবং মাল হতে নেওয়ার হকদার হয়ে যায়।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আহমাদ ৪/১৩১, ১৩৩; আবূ দাউদ, আতইমাহ ৩৭৫১; হাকিম ৪/১৩২; ইবনু মাজাহ, আদাব ৩৬৭৭; তাহাবী, মুশকিলিল আছার ৪/৩৯, ৪০; দারুকুতনী ৪/২৮৭ সহীহ সনদে; বাইহাকী, যাহাইয়া ৯/৩৩২ সহীহ সনদে; এর শাহিদ হাদীস রয়েছে বুখারী মুসলিমে উক্ববাহ ইবনু আমির হতে বুখারী, মাযালিম ২৪৬১; মুসলিম লুক্বতাহ ১৭২৭; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫২৮৮।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মিকদাম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন